

# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৮৪৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৪৪]

পর্ব-১০: ইমামাত প্রসঙ্গ (غِمَامَةِ)

পরিচ্ছেদঃ ৪৫: দু'জনের জামা'আত

الجماعة إذا كانوا اثنين

### আরবী

أَخْبَرَنَا إِسْمَاعِيلُ بْنُ مَسْعُودٍ، قال: حَدَّثَنَا خَالِدُ بْنُ الْحَارِثِ، عَنْ شُعْبَةً، عَنْ أَبِي إِسْحَاقَ وَقَدْ أَنَّهُ أَخْبَرَهُمْ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي بَصِيرٍ، عَنْ أَبِيهِ، قَالَ شُعْبَةُ، وَقَالَ أَبُو إِسْحَاقَ وَقَدْ سَمِعْتُهُ مِنْهُ وَمِنْ أَبِيهِ قَالَ: سَمِعْتُ أُبُيَّ بْنَ كَعْبِ يَقُولُ: صَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ سَمِعْتُهُ مِنْهُ وَمِنْ أَبِيهِ قَالَ: أَشَهِدَ فُلَانٌ الصَّلَاةَ قَالُوا: لَا قَالَ: فَفُلَانٌ قَالُوا: لَا قَالَ: وَفُلَانٌ قَالُوا: لَا قَالَ: وَسَلَّمَ يَوْمًا صَلَاةَ الصَّبْحِ فَقَالَ: أَشَهِدَ فُلَانٌ الصَّلَاةَ قَالُوا: لَا قَالَ: فَفُلَانٌ قَالُوا: لَا قَالَ: عَلَى الْمُنَافِقِينَ وَلَوْ يَعْلَمُونَ مَا فِيهِمَا لَأَتُوهُمَا وَلَوْ عَلَى الْمُنَافِقِينَ وَلَوْ يَعْلَمُونَ مَا فِيهِمَا لَأَتَوْهُمَا وَلَوْ حَبُواً وَالصَّفُ الْأَوَّلُ عَلَى مِثْلُ صَفَّ الْمُلَائِكَةِ وَلَوْ تَعْلَمُونَ فَضِيلَتَهُ لَابْتَدَرْتُمُوهُ وَصَلَاةُ الرَّجُلِ مَعَ الرَّجُلِ مَعَ الرَّجُلِ وَمَا كَانُوا أَكْثَرَ فَهُوَ أَحَبُ إِلَى اللَّهِ عَزَّ وَجَلَّ مَعَ الرَّجُلِينِ أَزْكَى مِنْ صَلَاتِهِ مَعَ الرَّجُلِ وَمَا كَانُوا أَكْثَرَ فَهُوَ أَحَبُ إِلَى اللَّهِ عَزَّ وَجَلَّ .

تخريج دارالدعوه: سنن ابى داود/الصلاة ۴۸ (۵۵۳)، سنن ابن ماجه/المساجد ۱٦ (۷۹۰) مختصراً، (تحفة الأشراف: ٣٦)، مسند احمد ٥٨١٢، ١٢١، سنن الدارمي/الصلاة ۵۳ (١٣٠٧، ١٣٠٨) (حسن)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 844 \_ حسن

#### বাংলা

৮৪৩. ইসমাঈল ইবনু মাস্'উদ (রহ.) ..... উবাই ইবনু কা'ব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, একদিন রাসূলুল্লাহ (সা.) ফজরের সালাত আদায় করলেন। পরে তিনি বললেন, অমুক সালাতে উপস্থিত হয়েছে? উপস্থিত মুসল্লীগণ বললেন, না। তিনি (সা.) বললেন, অমুক ব্যক্তি? তারা বললেন, না। তিনি (সা.) বললেন, এ দু'টি সালাত (ইশা ও



ফজর) মুনাফিকদের ওপর খুবই কঠিন। তাতে কি ফযীলত রয়েছে তারা যদি তা জানতো তাহলে নিশ্চয় তারা তাতে উপস্থিত হতো হামাগুড়ি দিয়ে হলেও। আর প্রথম সারি হলো ফেরেশতাদের সারির মতো। যদি তোমরা তার ফযীলত জানতে তাহলে তোমরা তাতে উপস্থিত হওয়ার জন্যে প্রতিযোগিতা করতে। একজন লোকের সাথে সালাত আদায় করা একাকী সালাত আদায় করা থেকে উত্তম। আর দু'জন লোকের সাথে কোন ব্যক্তির সালাত আদায় করা এক ব্যক্তির সাথে সালাত আদায় করার চেয়ে উত্তম। আর সংখ্যা যতই বৃদ্ধি পাবে ততই আল্লাহর কাছে তা পছন্দনীয় হবে।

## **English**

45. Congregation If There Are Two People

Ubay bin Ka'b said: One day the Messenger of Allah () prayed Fajr, then he said: 'Did so-and-so attend the prayer? They said: 'No.' He said: '(What about) so-and-so? They said: 'No' He said: 'These two prayers. are the most burdensome for the hypocrites. If they knew what (virtue) there is in them, they would come, even if they had to crawl. And the virtue of the first row is like that of the row of the angels. If you knew its virtue, you would compete for it. A man's prayer with another man is greater in reward than his prayer alone. And a man's prayer with two other men is greater in reward than his prayer with one other man; the more people there are, the more beloved that is to Allah, the Mighty and Sublime. '

## ফুটনোট

হাসান: আবু দাউদ ৫৫৪, দারিমী ১২৬৯, মুসনাদে আহমাদ ২১৩০২, সহীহ ইবনু খুযায়মাহ ১৪৭৭, ইবনু মাজাহ ৭৯০; তা'লীকুর রাগীব ১/১৫২।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ উবাই ইবনু কা'ব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন